গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৫১-আইন/২০১৩/২৪৩৮/কাস্টমস।– Customs Act, 1969 (Act IV of 1969), অত:পর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে,

জনস্বার্থে, উক্ত Customs Act এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) ও (2) এ উল্লিখিত Heading এবং H.S.Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত equipment ও accessories কে, উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর ও, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

<u>শর্তসমূহ</u>

(১) আমদানিকারক প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত ট্যুর অপারেটর (টি.ও) হইতে হইবে এবং ইনবাউন্ড ট্যুর অপারেশনে কমপক্ষে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে;

(২) আমদানিকারক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংক হইতে প্রদত্ত ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সি,আই,বি) প্রতিবেদন দাখিল করিতে হইবে। সি,আই,বি প্রতিবেদন দাখিলে ব্যর্থ হইলে বা সি,আই,বি প্রতিবেদনে কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে উক্ত প্রতিষ্ঠান এই রেয়াতী সুবিধা পাইবে না;

(৩) পর্যটন শিল্পের জন্য আমদানিকৃত equipment ও accessories শুধুমাত্র সংশ্লিষ্ট পর্যটন শিল্পের কাজে ব্যবহৃত হইবে মর্মে আমদানিকারক কর্তৃক ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের বরাবরে দাখিল করিতে হইবে;

(৪) আমদানিকৃত equipment ও accessories ব্যবহারে বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুসৃত হইবে;

(৫) বাংলাদেশ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব পদ মর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি প্রত্যয়ন পত্র পরিশিষ্ট-২ এ বিধৃত ছকে আমদানিকৃত equipment ও accessories খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক ভবনে/ষ্টেশনে দাখিল করিতে হইবে;

(৬) পণ্য চালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত equipment ও accessories নিবন্ধিত পর্যটন শিল্পে ব্যবহার হইয়াছে কি না উহা সংশ্লিষ্ট কাস্টমস্, এক্সাইজও ভ্যাট বিভাগীয় কর্মকর্তা সরেজমিনে তদন্তপূর্বক স্বীয় স্বাক্ষরে পরিশিষ্ট-৩ অনুযায়ী তদন্তের পরবর্তী ৩০ (ত্রিশ)

দিনের মধ্যে একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ বরাবর প্রেরণ করিতে হইবে; এবং

(৭) শর্ত (৬) এ উল্লিখিত প্রত্যয়নপত্র প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত equipment ও accessories আমদানিকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে তাহা হইলে শর্ত (৪) অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক, কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 অনুযায়ী অন্যান্য অর্থদন্ড বা জরিমানা আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

TABLE

Heading	H.S.Code	Description
(1)	(2)	(3)
40.16	4016.99.90	Scuba diving equipments
61.12	6112.31.00 6112.39.00 6112.41.00 6112.49.00	Swimming accessories
63.06	6306.22.00	Camping and hiking tents
65.06	6506.10.00	Safety cap for skating or biking
83.08	8308.10.00	Mountain climbing materials
87.03	8703.10.00	Go-curt
88.01	8801.00.00	Hot air balloons
88.04	8804.00.00	Paragliding equipments
89.03	8903.92.00	Surfing boats
	8903.99.00	Kayak, sea ray and its accessories, water bikes, jet ski
89.06	8906.90.00	House boats/Glass bottom boats
95.03	9503.00.90	Kite surfing equipments
95.04	9504.90.00	Bowling items
95.06	9506.99.00	Pool table

পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা

[শর্ত (৩) দ্রষ্টব্য]

আমি ------------------------------------ (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স --

(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, প্রতিষ্ঠানটি বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ....) এবং বাংলাদেশ বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক রেজিষ্টারডভুক্ত (রেজিষ্টেশন নং .... । আমি ঋণপত্র নং------------ -------------------- তারিখ ঃ--------------- ইনভয়েস নং------------------ তারিখ ঃ ------------------ বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ---------------------- তারিখ ঃ ------------------ এর মাধ্যমে আমদানিকৃত equipment ও accessories পর্যটন শিল্পে ব্যবহার হইবে এবং উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত equipment ও accessories এর উপর প্রযোজ্য হারে শুল্ক ও কুর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর ঃ ....

তারিখ ঃ

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ....

পরিশিষ্ট -২

প্রত্যয়ন পত্র

[শর্ত (৫) দ্রষ্টব্য]

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স .... বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ....) এবং বাংলাদেশ বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক রেজিষ্টারডভুক্ত (রেজিষ্টেশন নং ....) একটি ট্যুর অপারেটর প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং .... তারিখ ...., বিল অব ল্যাডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ...., তারিখ ....(প্রতিস্বাক্ষরিত) -এ উল্লিখিত প্রতিষ্ঠানটি আমদানিকৃত equipment ও accessories নিবন্ধিত পর্যটন শিল্পে ব্যবহার করিবে।

প্রত্যয়নকারী কর্তৃপক্ষ

স্বাক্ষর ঃ

নাম ঃ

পদবী

সীল

পরিশিষ্ট-৩

প্রত্যয়ন পত্র
[শর্ত (৬) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -- (সম্পূর্ণ নাম ও ঠিকানা) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ....) এবং বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক রেজিষ্টারভুক্ত একটি পর্যটন শিল্প প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ------------------------------ তারিখ ঃ ------------------- ইনভয়েস নং ------------------------ তারিখ ঃ ----------------- বিল অব এন্ট্রি নং ----------------------- তারিখ ঃ --------------------- এর মাধ্যমে আমদানিকৃত equipment ও accessories উক্ত পর্যটন শিল্পে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর ঃ ....
নাম ঃ ....
পদবী ঃ বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট
বিভাগীয় দপ্তর, ...।
সীল ঃ।

তারিখ ঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ গোলাম হোসেন)
সচিব।